দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAY 2016

পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষকের মারপিটে ছাত্রী হাসপাতালে

**স্টাফ রিপোর্টার, সাতক্ষীরা ।** শিক্ষকের নির্দয় মারপিটে গুরুতর আহত স্কুলছাত্রী জয়ার চোখেমুখে এখনও আতঙ্কের ছাপ। কলারোয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী জয়াকে সাতক্ষীরা হাসপাতালে ভর্তি করা হয়। তাকে ওই বিদ্যালয়ের শিক্ষক মাহফুজুর রহমান বেদম মারপিট করলে সে গুরুতর আহত হয়। বুধবার ক্লাস চলাকালে শিক্ষক তাকে মারপিট করেন। জয়া কলারোয়া গার্লস হাইস্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্রী।

জয়া জানায়, তার সহপাঠী এক বান্ধবীর কলম মেঝেতে পড়ে গেলে সে তা তুলে নিয়ে লিখছিল। এ সময় শিক্ষক মাহফুজ এসে তাকে মারপিট করেন। এতে সে জ্ঞান হারিয়ে ফেলে। জয়ার মা চম্পা খাতুন জানান, প্রথমে তাকে কলারোয়া হাসপাতালে নেয়া হয়। পরে ডাক্তারদের পরামর্শে তাকে নিয়ে আসা হয় সাতক্ষীরা সদর হাসপাতালে। তিনি জানান, একবার মাত্র ডাক্তার এসে তাকে দেখে যান। মেয়ের অবস্থার অবনতি হলে হাসপাতালের ডাক্তার ডেকে না পাওয়ায় পরে বৃহস্পতিবার সকাল ৯টার দিকে তাকে স্থানীয় শফি ডায়গনস্টিক সেন্টারে ভর্তি করা হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক